

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৮৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৮৮]

পর্ব-২০: তাহাজ্বদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৬৩: যে ব্যক্তি তাহাজ্জুদের সালাত আদায় করার নিয়্যাতে বিছানায় এসে ঘুমিয়ে পড়ে

باب مَنْ أَتَى فِرَاشَهُ وَهُوَ يَنْوِي الْقِيَامَ فَنَامَ

আরবী

أَخْبَرَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ، قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ، عَنْ زَائِدَةَ، عَنْ سُلَيْمَانَ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ، عَنْعَبْدَةَ بْنِ أَبِي لُبَابَةَ، عَنْ سُوَيْدِ بْنِ غَفَلَةَ، عَنْ أَبِي الدَّرْدَاءِ، يَبْلُغُ بِهِ حَبِيبِ بْنِ أَبِي ثَالِبَةٍ عَنْ أَبِي الدَّرْدَاءِ، يَبْلُغُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ أَتَى فِرَاشَهُ وَهُوَ يَنْوِي أَنْ يَقُومَ يُصِلِّي مِنَ اللَّيْلِ فَغَلَبَتْهُ عَيْنَاهُ حَتَّى أَصْبَحَ كُتِبَ لَهُ مَا نَوَى وَكَانَ نَوْمُهُ صَدَقَةً عَلَيْهِ مِنْ رَبِّهِ عَزَّ وَجَلَّ، خَالَفَهُ سُفْيَانُ.

تخريج دارالدعوه: سنن ابن ماجم/الإقامة ۱۷۷ (۱۳۴۳)، (تحفة الأشراف: ۱۰۹۳۷) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1788 _ صحيح

বাংলা

১৭৮৭. হারান ইবনু 'আবদুল্লাহ (রহ.) আবু দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি অত্র সনদ সূত্রকে নবী (সা.) পর্যন্ত পৌঁছেছেন। তিনি বলেছেন, যে ব্যক্তি তাহাজ্জুদের সালাত আদায় করার নিয়াতে বিছানায় আসে কিন্তু তার চক্ষুদ্বয় নিদ্রা প্রবল হয়ে যাওয়ায় ভোর পর্যন্ত সে ঘুমে থাকে, তার জন্যে তার নিয়াত অনুসারে সাওয়াব দেয়া হবে, আর আল্লাহ তা'আলার পক্ষ থেকে তার নিদ্রা তার জন্যে সদাকাহ স্বরূপ হয়ে যাবে।

English

One who goes to bed intending to get up and pray Qiyam but he falls asleep



It was narrated from Abu Ad-Darda' who attributed it to the Prophet (ﷺ): Whoever goes to his bed intending to get up and pray qiyam at night, then sleep overwhelms him until morning, will have recorded that which he intended and his sleep is a charity given to him by his Lord, the Mighty and Sublime.

ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ১৩৪৪, মুসতাদরাক হাকিম (১/৩১১), বায়হাকী'র "সুনানুল কুবরা" (৩/১৫), ইওয়াউল গালীল ৪৫৪, তা'লীকুর রাগীব ১/২০৮, ইবনে খুযায়মাহ ১১৭২-১১৭৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন